

সমান সুযোগ হলো আইন

ফেডারেল আর্থিক সহায়তার সকল প্রাপককে নিম্নলিখিত ভিত্তিতে বৈষম্য করা আইনবিরোধী:

মার্কিন যুক্তরাষ্ট্রের যেকোনো ব্যক্তির বিরুদ্ধে, জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, জাতীয় উৎপত্তি, বয়স, অক্ষমতা, রাজনৈতিক সম্পৃক্ততা বা বিশ্বাসের ভিত্তিতে; এবং কর্মশক্তি উদ্ভাবন ও সুযোগ আইন (WIOA) এর শিরোনাম I-এর অধীনে আর্থিকভাবে সহায়তাপ্রাপ্ত প্রোগ্রামের যেকোনো সুবিধাভোগীর বিরুদ্ধে, সুবিধাভোগীর নাগরিকত্ব/স্থিতি মার্কিন যুক্তরাষ্ট্রে কাজ করার জন্য অনুমোদিত একজন আইনত অনুমোদিত অভিবাসী হিসেবে, অথবা WIOA শিরোনাম I-এর আর্থিকভাবে সহায়তাপ্রাপ্ত প্রোগ্রাম বা কার্যকলাপে তার অংশগ্রহণের ভিত্তিতে। প্রাপককে নিম্নলিখিত কোনো ক্ষেত্রে বৈষম্য না করার নির্দেশ দেওয়া হয়েছে: সিদ্ধান্ত নেওয়া যে কে WIOA-এর শিরোনাম I-এর অধীনে আর্থিকভাবে সহায়ক প্রোগ্রাম বা কার্যক্রমে ভর্তি হতে পারবে বা এর অ্যাক্সেস পাবে; এমন কোনো প্রোগ্রাম বা কার্যক্রমে বা ওই প্রোগ্রাম বা কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত বিষয়ে কোনো ব্যক্তিকে সুযোগ প্রদান করা বা তার সাথে বৈষম্যমূলক আচরণ করা; বা এমন প্রোগ্রাম বা কার্যক্রমের প্রশাসনে বা এর সঙ্গে সম্পর্কিত বিষয়ে কর্মনিযুক্তির সিদ্ধান্ত নেওয়া।

যদি আপনার মনে হয় যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন, তাহলে কী করবেন

যদি আপনি মনে করেন যে আপনি WIOA-এর শিরোনাম I-এর অধীনে আর্থিকভাবে সহায়তাপ্রাপ্ত প্রোগ্রাম বা কার্যকলাপে বৈষম্যের শিকার হয়েছেন, তাহলে আপনি অভিযোগ লজ্জনের তারিখ থেকে 180 দিনের মধ্যে নিম্নলিখিতগুলির মধ্যে একটিতে অভিযোগ দায়ের করতে পারেন:

প্রাপক E.O. অফিসারের নাম

প্রতিষ্ঠানের নাম

ঠিকানা

ফোন নম্বর

ই-মেইল

Director

Office of Diversity, Equity, Inclusion and Access
New York State Department of Labor
State Office Campus, Building 12, Room 540
Albany, New York 12226

ফোন: 518-457-1984

(TDD) 1-800-662-1220

(ভয়সে) 1-800-421-1220

বা আপনি সরাসরি অভিযোগ দায়ের করতে পারেন:

Director

Civil Rights Center (CRC)
U.S. Department of Labor
200 Constitution Avenue, NW
Room N-4123
Washington, D.C. 20210

যদি আপনি প্রাপক প্রতিষ্ঠানের কাছে আপনার অভিযোগ দায়ের করেন, তাহলে নাগরিক অধিকার কেন্দ্রে (উপরের ঠিকানায় দেখুন) দাখিল করার আগে আপনাকে প্রাপক চূড়ান্ত পদক্ষেপের লিখিত নোটিশ ইস্যু না করা পর্যন্ত বা 90 দিন অতিবাহিত না হওয়া পর্যন্ত (যেটি আগে হয়) অপেক্ষা করতে হবে। যদি প্রাপক আপনার অভিযোগ দায়ের করার 90 দিনের মধ্যে আপনাকে চূড়ান্ত পদক্ষেপের লিখিত নোটিশ না দেন, তাহলে CRC-তে অভিযোগ দায়ের করার আগে আপনাকে প্রাপকের তরফে নোটিশ জারি করার জন্য অপেক্ষা করতে হবে না। তবে, আপনাকে 90 দিনের ডেডলাইনের পরবর্তী 30 দিনের মধ্যে আপনার CRC অভিযোগ দায়ের করতে হবে (অন্য কথায়, আপনি যেদিন প্রাপকের কাছে আপনার অভিযোগ দায়ের করেছেন তার 120 দিনের মধ্যে)। যদি প্রাপক আপনার অভিযোগের উপর চূড়ান্ত পদক্ষেপের একটি লিখিত নোটিশ দেন, কিন্তু আপনি সেই সিদ্ধান্ত বা সমাধানে অসন্তুষ্ট হন, তাহলে আপনি CRC-তে অভিযোগ দায়ের করতে পারেন। চূড়ান্ত পদক্ষেপের নোটিশ পাওয়ার তারিখ থেকে 30 দিনের মধ্যে আপনাকে অবশ্যই আপনার CRC অভিযোগ দায়ের করতে হবে।